



পাঠ ১২

## জীবন ও রক্তের প্রতি সম্মান প্রদর্শন করা

আমাদের কিভাবে বিবেচনা করা উচিত জীবনকে? (১) গর্ভপাতকে? (১)

খ্রীষ্টীয় ব্যক্তির কিভাবে দেখায় যে তারা নিরাপত্তা সচেতন? (২)

প্রাণী হত্যা করা কি অন্যায়? (৩)

কিছু কিছু অভ্যাসগুলি কী যা জীবনের প্রতি সম্মান প্রদর্শন করে না?

(৪) রক্ত সম্পর্কে ঈশ্বরের আইন কী? (৫)

শরীরে রক্তগ্রহণ কি এর অন্তর্ভুক্ত? (৬)

১. যিহোবা হলেন জীবনের উৎস। সমস্ত জীবিত বস্তু তাদের জীবনের জন্য ঈশ্বরের কাছে ঋণী। (গীতসংহিতা ৩৬:৯) ঈশ্বরের কাছে জীবন পবিত্র। তার মায়ের অভ্যন্তরে এমনকি এক অজাত শিশুর জীবনও যিহোবার কাছে মহামূল্যবান। এরূপ এক বৃদ্ধিপ্রাপ্ত শিশুকে কোন উদ্দেশ্যে হত্যা করা ঈশ্বরের দৃষ্টিতে অন্যায়।—যাত্রাপুস্তক ২১:২২, ২৩; গীতসংহিতা ১২৭:৩.

২. সত্য খ্রীষ্টীয়েরা নিরাপত্তা সম্পর্কে সচেতন। তারা নিশ্চিত হয় যাতে তাদের গাড়ি এবং বাড়ি নিরাপদ থাকে। (দ্বিতীয় বিবরণ ২২:৮) শুধুমাত্র আনন্দ অথবা উত্তেজনার জন্য ঈশ্বরের সেবকেরা তাদের জীবনে অপ্রয়োজনীয় ঝঁকি নেয় না। তাই তারা হিংসাত্মক খেলাধুলায় অংশ নেয় না যা ইচ্ছাপূর্বক অন্য ব্যক্তিদের আহত করে। তারা সেই আমোদপ্রমোদ পরিত্যাগ করে যা দৌরাভ্যাকে প্রশ্রয় দেয়।—গীতসংহিতা ১১:৫; যোহন ১৩:৩৫.

৩. পশুদের জীবনও সৃষ্টিকর্তার কাছে পবিত্র। এক খ্রীষ্টীয় ব্যক্তি খাদ্য ও বস্ত্র যোগানোর জন্য অথবা নিজেকে ব্যাধি ও বিপদ থেকে রক্ষা করতে পশু হত্যা করতে পারে। (আদিপুস্তক ৩:২১; ৯:৩; যাত্রাপুস্তক ২১:২৮) কিন্তু শুধু খেলাধুলা অথবা আনন্দের জন্য পশুদের সাথে দুর্ব্যবহার অথবা তাদের হত্যা করা অন্যায়া।—হিতোপদেশ ১২:১০।

৪. ধূমপান, সুপারি চিবনো এবং আনন্দের জন্য নেশাকর দ্রব্যগ্রহণ খ্রীষ্টীয়ের জন্য নয়। এই অভ্যাসগুলি অন্যায়া কারণ (১) সেগুলি আমাদের তাদের দাস করে তোলে, (২) সেগুলি আমাদের দেহের ক্ষতি করে এবং (৩) সেগুলি অশুচি। (রোমীয় ৬:১৯; ১২:১; ২ করিন্থীয় ৭:১) এই অভ্যাসগুলি ত্যাগ করা খুব শক্ত হতে পারে। কিন্তু যিহোবাকে সন্তুষ্ট করতে আমাদের অবশ্যই তা করতে হবে।

৫. ঈশ্বরের দৃষ্টিতে রক্তও পবিত্র। ঈশ্বর বলেন যে রক্তের ময়েই রয়েছে প্রাণ, অথবা জীবন। তাই রক্ত খাওয়া অন্যায়া। কোন প্রাণী যা থেকে ভালোভাবে রক্ত বের করে দেওয়া হয়নি তার মাংস ভক্ষণ করাও অন্যায়া। যদি কোন প্রাণীকে গলা টিপে মারা হয় অথবা তা কোন ফাঁদে মারা পড়ে, তাকে ভক্ষণ করা উচিত নয়। যদি তাকে বর্শাবিন্ধ অথবা গুলি করা হয়, সঙ্গে সঙ্গেই রক্ত বার করে দিতে হবে যদি তাকে ভক্ষণ করতে হয়।—আদিপুস্তক ৯:৩, ৪; লেবীয় পুস্তক ১৭:১৩, ১৪; প্রেরিত ১৫:২৮, ২৯।

৬. শরীরে রক্তগ্রহণ কী অন্যায়া? স্মরণ করুন, যিহোবা আবশ্যিক বলেন যে আমরা রক্ত থেকে বিরত থাকি। এর অর্থ এই যে আমরা কখনও কোন উপায়েই অন্য ব্যক্তির রক্ত অথবা এমনকি আমাদের নিজেদের রক্তও যা সঞ্চিত করা হয়েছে তা আমাদের শরীরে অবশ্যই গ্রহণ করব না। (প্রেরিত ২১:২৫) তাই সত্য খ্রীষ্টীয়েরা শরীরে রক্তগ্রহণকে সমর্থন করবে না। তারা অন্যান্য প্রকার চিকিৎসা ব্যবস্থাকে সমর্থন করবে, যেমন শরীরে রক্তবিহীন দ্রব্যাদি গ্রহণ। তারা বাঁচতে চায়, কিন্তু ঈশ্বরের আইন ভঙ্গ করে তারা তাদের জীবন বাঁচাতে চেষ্টা করবে না।—মথি ১৬:২৫।

ঈশ্বরকে সন্তুষ্ট করতে,  
আমরা শরীরে রক্তগ্রহণ করা,  
অশুচি অভ্যাসগুলি  
এবং অপ্রয়োজনীয় ঝাঁকি  
নেওয়া থেকে অবশ্যই  
বিরত থাকব

